# বাংলাদেশ কৃষি ব্যাংক
## ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ
## প্রধান কার্যালয়, ঢাকা

ডিএমডি(৩) পরিপত্র নং- ০১/২০২৪ তারিখঃ ০৩-০৩-২০২৪ খ্রিঃ

**বিষয় ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণ ও অগ্রিমের সুদহার পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক জারীকৃত সংশ্লিষ্ট বিআরপিডি সার্কুলার সমূহের নির্দেশনা অনুযায়ী এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণ ও অগ্রিমের সুদহার নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হয়েছে।

সারণী-১: ঋণ ও অগ্রিমের পুন:নির্ধারিত সুদহার

| ঋণের ধরণ | প্রযোজ্য সুদহার |
|---|---|
| কৃষি ও পল্লী ঋণ | ১২.১১% |
| প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণ | ১২.১১% |
| অন্যান্য ঋণ | ১৩.১১% |

০২। সারণী-১ এ বর্ণিত সুদহার মার্চ ১, ২০২৪ তারিখ হতে কার্যকর হবে এবং এ সংক্রান্ত পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

০৩। নতুনভাবে বিতরণকৃত ঋণের বিপরীতে বর্ণিত সুদহার প্রযোজ্য হবে। গ্রীন ব্যাংকিং এর জন্য পূর্বের নীতিমালা বহাল থাকবে।

০৪। অত্র বিভাগ কর্তৃক জারীকৃত হিসাব পরিপত্র নং-০১/২০২৩ তারিখ ০৯-১০-২০২৩ এর অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৫। সারণী-১ এ বর্ণিত ঋণ ও অগ্রিমের সুদহার আইসিটি সিস্টেমস্ বিভাগ সিবিএস এ পুন:স্থাপন করবে।

০৬। উপরিল্লিখিত নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

০৩/০৩/২০২৪
(সালমা বানু)
উপব্যবস্থাপনা পরিচালক

নং-প্রকা/টিএমডি-৮/২০২৩-২৪/৮৯৭ তারিখঃ ০৩-০৩-২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক/অধ্যক্ষ, বিকেবি, ষ্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপমহাব্যবস্থাপক, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা/কর্পোরেট শাখাসমূহ।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৭। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
১০। নথি।

3.3.24
(মোছা: আখিয়ারা খানম)
উপমহাব্যবস্থাপক
ফোন নং- +৮৮০২২২৩৩৫৫৬২২

## Six months Moving Average Rate of Treasury bill (SMART)

| Month | SMART |
|---|---|
| September-23 | 7.20% |
| October-23 | 7.43% |
| November-23 | 7.72% |
| December-23 | 8.14% |
| January-24 | 8.68% |
| February-24 | 9.61% |

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ


বিআরপিডি সার্কুলার লেটার নং-১১

তারিখ: ২৯ ফেব্রুয়ারি ২০২৪
১৬ ফাল্গুন ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফা হার প্রসঙ্গে**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩, বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭/২০২৩ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-৬৪/২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. মূল্যস্ফীতি হ্রাসের নিমিত্ত মনিটারি পলিসি কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে নীতি সুদহার বৃদ্ধির প্রভাব SMART এর উপর ইতোমধ্যে প্রতিফলিত হয়েছে। এ প্রেক্ষিতে, ঋণের সুদহার মনিটারি পলিসির সাথে সামঞ্জস্যপূর্ণ করা এবং অর্থনৈতিক গতিশীলতা বজায় রাখার লক্ষ্যে ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা পরিপালনীয় হবে:

ক) ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ৩.৫০% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে; এবং

খ) প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণ এবং কৃষি ও পল্লী ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ২.৫০% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে।

৩. এ নির্দেশনা জারির পর হতে নতুনভাবে বিতরণকৃত ঋণের বিপরীতে অনুচ্ছেদ নং-২(ক) ও ২(খ) এ বর্ণিত সুদহার মার্জিন প্রযোজ্য হবে। ইতঃপূর্বে বিতরণকৃত ঋণের সুদহার পরিবর্তনের ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩ এর অনুচ্ছেদ-৫ এর নির্দেশনা পরিপালনীয় হবে।

৪. এ নির্দেশনা জারির মাধ্যমে বিআরপিডি সার্কুলার লেটার নং-৬৪/২০২৩ এর নির্দেশনা রহিত করা হলো। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭/২০২৩ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৫. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৯(২)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৬. এ নির্দেশনা ০১ মার্চ ২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,


(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২